গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা

নং-স্বাপকম/প্রবা-১/অগ্রিম-০২/২০১২/১০৫ — তারিখঃ ২৭.০২.২০১৩ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫১৫০) এর অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য আরপিএ (জিওবি)'র ১ম-২য় কিস্তি বাবদ ছাড়কৃত অর্থ হতে যথাক্রমে ২,৩৩,৯১,৮৫১.০০ টাকা এবং ৪,৯০,৪২৭.৫০ টাকা অগ্রিম অর্থ উত্তোলন সংক্রান্ত।

আমি নির্দেশিত হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং ৫-২৭১১-৫১৫০)-এর অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে আরপিএ (জিওবি)'র ১ম-২য় কিস্তি বাবদ ছাড়কৃত অর্থ হতে নিম্ন বর্ণিত ০৩টি বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে যথাক্রমে ২,৩৩,৯১,৮৫১.০০ (দুই কোটি তেতত্রিশ লক্ষ একানব্বই হাজার আটশত একান্ন) টাকা এবং ৪,৯০,৪২৭.৫০ (চার লক্ষ নব্বই হাজার চারশত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা সর্বমোট ২,৩৮,৮২,২৭৮.৫০ টাকা (দুই কোটি আটত্রিশ লক্ষ বিরাশি হাজার দুইশত আটাত্তর টাকা পঞ্চাশ পয়সা) অগ্রিম উত্তোলনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। এই ব্যয় চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং ৫-২৭১১-৫১৫০) শীর্ষক অপারেশনাল প্লান হতে বহন করা হবে।

ক.

| No. of Persons | Name of Institute | Course Content/ Training Program and duration | Air fare with related cost | Tuition fee/registration fee etc | Per-diem | Total BDT |
|---|---|---|---|---|---|---|
| 10 Persons 90 Days | Malaysia | Training on Critical Care, | USD=6600 BDT=531300.00 | USD = 176690 BDT= 14223545.00 | USD=60000 BDT= 4830000.00 | 19584485.00 |
| 10 Person 10 Days | Malaysia | Training on Teaching Technology | USD= 6600.00 BDT- 531300.00 | USD= 27992 BDT = 2253356.00 | USD= 12700.00 BDT= 1022350.00 | 3807006.00 |
| | | Total (BDT)= | 1062600.00 | 16476901.00 | 5852350.00 | 23391851.00 |

খ.

| No. of Persons | Name of Institute | Course Content/ Training Program and duration | Air fare with related cost | Tuition fee/registration fee etc | Per-diem | Total BDT |
|---|---|---|---|---|---|---|
| 05 Persons 3 Days | Singapore | Study Visit-on National University Hospital (BMT Center) | USD=4037.27 BDT=325000.00 | - | USD= 2055.00 BDT = 165427.50 | 490427.50 |

০২। উল্লিখিত বৈদেশিক প্রশিক্ষণ পরিচালনার জন্য ক ছকে বর্ণিত ২০ জনের দৈনিক সম্মানী ভাতা, বিমান ভাড়া ও রিলেটেড ব্যয় বাবদ (১০,৬২,৬০০.০০+ ৫৮,৫২,৩৫০.০০) = ৬৯,১৪,৯৫০.০০ (উনসত্তর লক্ষ চৌদ্দ হাজার নয়শত পঞ্চাশ) টাকা এবং খ ছকে বর্ণিত ০৫ জনের দৈনিক সম্মানী ভাতা, বিমান ভাড়া ও রিলেটেড ব্যয় বাবদ ৪,৯০,৪২৭.৫০ (চার লক্ষ নব্বই হাজার চারশত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং-এর অনুকূলে ন্যাস্ত করণের এবং ক ছকে বর্ণিত ২০ জনের টিউশন ফি ইনষ্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ১,৬৪,৭৬,৯০১.০০ (এক কোটি চৌষট্টি লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত এক) টাকা (২০৪৬৮২.০০ ইউএস ডলার সমমানের) বৈদেশিক মুদ্রায় প্রশিক্ষণ প্রদানকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরণ করার অনুমোদন প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে,

(ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।

(গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;

(ঘ) আরপিএ (জিওবি) বাবদ ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের পুনর্ভরন দাবী অবিলম্বে পেশসহ পুণর্ভরন নিশ্চিত করতে হবে;

(ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(চ) ইতোমধ্যে উত্তোলিত সমুদয় অর্থ সমন্বয় পূর্বক পরবর্তী অগ্রিমের প্রস্তাব করতে হবে;

(ছ) ইন-সার্ভিস ট্রেনিং (৫১৫০) প্রকল্পের অনুকূলে পরবর্তী বৈদেশিক প্রশিক্ষণের অগ্রিম গ্রহণের পূর্বেই এই প্রদত্ত অগ্রিম সমন্বয় করতে হবে।

(জ) পরিপত্র নং-স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/আইএসটি/এইচএনপিএসপি/২০০৭/২০৭,তারিখ ২৮.১০.২০০৭ অনুযায়ী প্রশিক্ষণ

২৭/২/২০১৩

C:\PI-1\All-Nikosh\Advance- Go-2013.doc

কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬০৫৫৩

নং-স্বাপকম/প্রবা-১/অগ্রিম-০২/২০১২/ ১০৫/১(৭) তারিখঃ ২৭.০২.২০১৩খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩। লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪। উপ-সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

27/2/2013

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

D:\PI-1\Ali\Nikosh\Advance- Go-2013.doc